

ট্রান্স্প এবং ব্রেসিটের যুগে ভাষা বৈচিত্র্যকরণ: আসন্ন 4S সম্মেলনের (এবং অন্যান্য বিবিধ উদ্যোগের জন্য) জন্য একটি আমন্ত্রণ

বস্টনে আগামী 2017 4S সম্মেলনের আয়োজকরা ইংরেজী ব্যতীত অন্য ভাষায় গবেষণাপত্র উপস্থাপনার আমন্ত্রণ জানাচ্ছেন। 4S আয়োজকেরা মনে করেন যে বিভিন্ন জায়গায় বিদেশীবিদ্বৈষ এবং জাতীয়তাবাদ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। যদিও ইংরেজী এখন আন্তর্জাতিক শিক্ষাক্ষেত্রের ভাষা হিসাবে স্বীকৃত হয়েছে, ইংরেজী মাত্র কয়েকটি দেশের রাষ্ট্রীয় ভাষা, যেমন বিশেষতভাবে মার্কিন যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্য। এই দুটি দেশের বর্তমান নীতিগতি এবং পরিবেশ বিশ্বের কাছে একটি সঙ্কীর্ণতা এবং অনুদারতার বার্তা পাঠায়, যা মানব সমাজের বৈচিত্র্যের প্রাচুর্য এবং গুরুত্বের বিরুদ্ধে যায়। তার জবাবে, এই উদ্যোগের লক্ষ্য হলো এই এবং অন্যান্য আন্তর্জাতিক সম্মেলনে ইংরেজির প্রাধান্যতাকে প্রতিবাদ করা। বিশ্বের বৈচিত্র্যকে সমর্থন করার জন্য ভাষাবৈচিত্র্যকে স্বাগত জানানো এবং উৎসাহিত করা উচিত।

যদিও এই আমন্ত্রণটি বিশেষত যাদের মাতৃভাষা ইংরেজি নয় তাদের জন্য তুলে ধরা হয়েছে, ইংরেজি ভাষাভাষীরাও অন্য ব্যক্তির দ্বারা তাদের উপস্থাপনা অথবা গবেষণাপত্রকে অন্য ভাষায় অনূদিত করে তাকে লিখিত বা অডিও রেকর্ডিং হিসাবে জমা দিতে পারেন। ভাষাবৈচিত্র্যকে লক্ষণীয় করার অনেক উপায় আছে এবং আমরা এই বিষয়ে অংশগ্রহণকারীদেরকে সম্পূর্ণভাবে উৎসাহ দিতে ইচ্ছুক। প্রতিটি উপস্থাপনার সর্বতো বোধগম্যতা নিশ্চিত করার জন্য, আমরা উপস্থাপকদের তাদের কার্যাবলীর ইংরেজি অনুবাদ জমা দিতে অনুরোধ করছি, যাকে বিভিন্ন উপায়ে বিতরণ করা যাবে, যেমন, একটি সম্পূর্ণ গবেষণাপত্র, সংক্ষিপ্তসার, পাওয়ার পয়েন্ট স্লাইড, বা অন্যান্য কোনো উদ্ভাবনী শৈলী।

এই যৌথ অনুসন্ধানের মাধ্যমে এই প্রথমবার আমরা বিভিন্ন উপায় এবং বিন্যাসের বিবেচনা করবো যার দ্বারা যে কোনো ভাষায় উপস্থাপকেরা তাদের চিন্তা প্রকাশ করতে পারবেন, এবং যাতে ইংরেজীভাষী অংশগ্রহণকারীদের বোধগম্যতার কোনো অসুবিধা না হয়। আমরা একটি আরও অনুরোধ প্রসারিত করতে চাই তাদের কাছে যারা এই বিজ্ঞপ্তিটিকে (যেটি 4S ওয়েবসাইটে ছাপিত হবে), এবং এই সম্মেলনের সংক্ষিপ্তসারকে কোনো অন্য ভাষায় অনূদিত করে লিখতে ইচ্ছুক হন। যদি আপনি এই প্রচেষ্টার কাজের জন্য যোগ্য এবং অবদান রাখতে ইচ্ছুক হন, তাহলে অনুগ্রহ করে মৌরিংজিওকে m.meloni@sheffield.ac.ukতে যোগাযোগ করুন।